




বাংলাদেশ দূতাবাস
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রিদ, স্পেন

Embassy of the People's Republic of Bangladesh
Embajada de la República Popular de Bangladesh
Madrid, Spain



নং- ১৯,০১.৩৪০১.৪২.০১৭. ২০২৩

১৩ ডিসেম্বর ২০২৩

বার্সেলোনায় কনস্যুলার সার্ভিস প্রদান বিষয়ক বিজ্ঞপ্তি

বার্সেলোনা ও তার পার্শ্ববর্তী এলাকাসমূহে বসবাসরত প্রবাসি বাংলাদেশীদের জানানো যাচ্ছে যে, আগামী ০৬ জানুয়ারি ২০২৪ (শনিবার) এবং ০৭ জানুয়ারি ২০২৪ (রবিবার) বার্সেলোনায় কনস্যুলার সার্ভিস প্রদান করা হবে। সেবা গ্রহণের জন্য অনলাইনে ছিতার ব্যবস্থা করা হয়েছে।

ছিতা প্রাপ্তির লিংকঃ <https://citabdmadrid.com> | লিংকে ঢুকে বার্সেলোনা সিলেক্ট করে ছিতা-নিতে হবে। ছিতা নিয়ে সেটির নিশ্চিতকরণ কপি প্রিন্ট করে বা মোবাইলে সেভ করে সাথে নিয়ে আসতে হবে। কনস্যুলার সার্ভিসে ই-পাসপোর্টের আবেদন নেয়া হবে না (শিশুদের ব্যতীত) তবে ই-পাসপোর্ট বিতরণ করা হবে।

সেবা প্রদানের স্থান: Avda. Josep Tarradellas, 134 Bajos; 08029 Barcelona.

০২। নিম্নোক্ত কাগজপত্রসহ সূষ্ঠভাবে সেবা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে-

যেসব সেবা প্রদান করা হবে	কি কি ডকুমেন্ট লাগবে?
১। পাসপোর্ট বিতরণ → (এমআরপি এবং ই-পাসপোর্ট)	মূল ডেলিভারী স্লিপ, পুরাতন পাসপোর্ট, হারানো হলে লস্ট রিপোর্ট কপি, (স্বামী/স্ত্রী/সন্তান ব্যতীত একজনের পাসপোর্ট অন্যজনকে দেয়া হবে না)।
২। পাসপোর্ট রি-ইস্যু → (শুধুমাত্র এমআরপি পাসপোর্ট)	রি-ইস্যু ফরম, পাসপোর্ট এর প্রথম পাতার কপি, রেসিডেন্স কপি, পাসপোর্ট ফি ব্যাংক কার্ডে/ট্রান্সফারের মাধ্যমে
৩। ভিসার জন্য আবেদন	অনলাইন ভিসা (NVR) আবেদন ফরম, ছবি ০২ কপি, বাংলাদেশী পাসপোর্ট ফটোকপি, (বাচ্চাদের হলে স্প্যানিশ জন্ম সনদ কপি ও পিতা-মাতার বাংলাদেশী পাসপোর্ট কপি), ভিসা ফি ব্যাংক কার্ডে/ট্রান্সফারের মাধ্যমে।
৪। ছয় (০৬) বছরের কম বয়সী বাচ্চাদের ই-পাসপোর্টের আবেদন গ্রহণ →	অনলাইন ই-পাসপোর্ট আবেদন ফরম, বাচ্চার ছবি (একটি বড় এ-ফোর সাইজ), পিতা-মাতার পাসপোর্ট কপি, বাংলাদেশী জন্ম সনদ কপি, স্প্যানিশ জন্মসনদ কপি, পাসপোর্ট ফি ব্যাংক কার্ডে/ট্রান্সফারের মাধ্যমে
৫। কাগজপত্র/পাওয়ার অব এ্যাটর্নি সত্যায়ন→	সংশ্লিষ্ট মূল কাগজপত্র, সত্যায়ন ফি, (প্রয়োজ্য ক্ষেত্রে দুইজন স্বাক্ষী ও প্রয়োজনীয় কাগজপত্র)
৬। সার্টিফিকেট →	সার্টিফিকেটের আবেদন ও বাংলাদেশী পাসপোর্টের ফটোকপি, সার্টিফিকেট ফি ব্যাংক কার্ডে/ট্রান্সফারের মাধ্যমে
৭। পুলিশ ক্রিম্যারেস আবেদনপত্র সত্যায়ন→	আবেদনপত্র ০৩ কপি, পাসপোর্টের প্রথম পাতার ফটোকপি ০৩ কপি, ছবি ০৬ কপি, ফি ব্যাংক কার্ডে/ট্রান্সফারের মাধ্যমে
৮। কল্যাণ বোর্ডের সদস্যপদ আবেদন গ্রহণ→	অনলাইন ফরম, পাসপোর্টের কপি, রেসিডেন্স কার্ড কপি, ০২ কপি ছবি, ফি ৪০ ইউরো নগদ

০৩। শুধুমাত্র সেবাপ্রার্থীদের ছিতা নিয়ে নির্ধারিত সময়ের ১০ মিনিট পূর্বেই উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। একাধিক সেবা থাকলে একই পরিবারের একটি ছিতা গ্রহণ করলেই চলবে। একজনের ছিতা অন্যজন ব্যবহার করা যাবে না।

০৪। কনস্যুলার ফি নগদ গ্রহণ করা হয় না। কনস্যুলার সেবার ফি দূতাবাসের ব্যাংক একাউন্টে জমা প্রদানের মাধ্যমে অথবা সরাসরি ব্যাংক কার্ডের মাধ্যমে পরিশোধ করতে হবে। কনস্যুলার কার্যক্রম সূষ্ঠভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

দূতাবাস কর্তৃপক্ষ

